Gloucestershire Hospitals
NHS Foundation Trust

# ব্যাজারনোটস দিয়ে আপনার গর্ভাবস্থায় পরিচর্যার রেকর্ড

অ্যাপটি ডাউনলোড করুন অথবা ভিজিট করুনঃ
**www.badgernotes.net**

Download on the App Store

GET IT ON Google Play

the **Best Care for Everyone**
care / listen / excel

## শুরু করার পূর্বে

আপনার প্রয়োজন হবেঃ

- আপনার মিডওয়াইফ [ধাত্রী] প্রদত্ত অ্যাকাউন্ট সক্রিয়করণ কোড
- যে ইমেইল ঠিকানাটি আপনি আপনার মিডওয়াইফকে দিয়েছিলেন
- যাচাইকরণের টেক্সট পেতে আপনার মোবাইল ফোন

আপনি এখানে এগুলোর একটি নোট করতে পারেনঃ

| |
|---|
| ইমেইলঃ |
| অ্যাকাউন্ট সক্রিয়করণ কোডঃ |

### এর পরিবর্তে আপনার এনএইচএস (NHS) লগইন ব্যবহার করা

আপনি যদি ইংল্যান্ডের কোনও জিপির কাছে নিবন্ধিত হন, তাহলে আপনি আপনার এনএইচএস লগইন ব্যবহার করে লগইন করতে পারেন। আপনি যদি একটি নতুন এনএইচএস লগইন অ্যাকাউন্ট তৈরি করেন, তাহলে এনএইচএস লগইন আপনার পরিচয় যাচাই করতে 24 ঘন্টা সময় নেবে।

## ভাষা নির্ধারণ করা ভাষা

আপনি সূচনা পর্দার উপরের ডান দিক থেকে ব্যাজারনোটে প্রদর্শিত ভাষা পরিবর্তন করতে পারেন। 1

একটি ভিন্ন ভাষা নির্বাচন করতে **ইংরেজি [Eng]** বোতাম চাপুন। **তখন ভাষা পরিবর্তনের** একটি ডায়ালগ বাক্স প্রদর্শিত হবে। 2 আপনি যদি **ইংরেজিতে** ট্যাপ করেন, তবে অন্যান্য সমর্থিত ভাষার একটি তালিকা প্রদর্শিত হবে।


### আপনি যদি ইতিমধ্যেই লগ ইন করে থাকেন


আপনি যদি ইতিমধ্যেই লগ ইন করে থাকেন, তবুও আপনি ভাষা পরিবর্তন করতে পারবেন।


মেন্যু বোতামের বার ট্যাপ করে মেন্যু খুলুন ☰, তারপর **ইংরেজি** 3 ট্যাপ করুন


এতে **ভাষা পরিবর্তনের** একটি ডায়ালগ বাক্স প্রদর্শিত হবে। আপনি যদি **ইংরেজিতে** ট্যাপ করেন, তবে অন্যান্য সমর্থনকারী ভাষার একটি তালিকা প্রদর্শিত হবে। 4

সমর্থিত ভাষাগুলি হলোঃ ইংরেজি, ওয়েলশ, পোলিশ, পাঞ্জাবি, বাংলা, স্প্যানিশ, পর্তুগিজ, রোমানিয়ান, লিথুয়ানিয়ান, সোমালি এবং মাওরি।








# লগ ইন করা


আপনি যখন ব্যাজারনোট অ্যাপটি খুলবেন, তখন একটি অ্যাকাউন্ট তৈরি করার জন্য 5 আপনি **অ্যাকাউন্ট তৈরি করুন** বোতাম এবং আপনার যদি ইতিমধ্যে একটি অ্যাকাউন্ট থেকে থাকে, তবে লগইন করার জন্য একটি ছোট লিঙ্ক সহ সূচনা পর্দা দেখতে পাবেন।


আপনি যদি 'অ্যাকাউন্ট তৈরি করুন'-এ ট্যাপ করেন, তাহলে আপনাকে আপনার ইমেইল ঠিকানা এবং আপনার অ্যাকাউন্ট সক্রিয়করণ কোডটি নিশ্চিত করতে বলা হবে। 6 আপনি যখন **পরবর্তী** বোতামটি চাপবেন তখন আপনাকে ব্যাজারনোট-এর গোপনীয়তার নীতি এবং শর্তাবলীতে সম্মত হতে বলা হবে। 7

আপনি যদি **লগ ইন** ট্যাপ করেন, তবে আপনাকে লগইন স্ক্রিনে নিয়ে যাওয়া হবে, 8 যেখানে আপনি আপনার বিদ্যমান ইমেইল এবং পাসওয়ার্ড ব্যবহার করে অথবা আপনার এনএইচএস লগইনের তথ্য ব্যবহার করে লগইন করতে পারবেন।




# আপনি কি আগে ব্যাজার নোট বা ম্যাটারনিটি [প্রসূতি] নোট ব্যবহার করেছেন?


আপনি আপনার বিদ্যমান অ্যাকাউন্টে আপনার নতুন পরিচর্যার রেকর্ড যোগ করতে পারেন; আপনাকে আপনার বিদ্যমান লগইন করার তথ্য ব্যবহার করতে হবে, আপনার এনএইচএস লগইন নয়।

- আপনার বিদ্যমান পাসওয়ার্ড ব্যবহার করে লগ ইন করুন
- মেন্যুতে যেতে উপরের বাম কোণায় ☰ মেন্যু আইকনের **বারগুলিতে** ট্যাপ করুন 9

আপনার মিডওয়াইফের দেওয়া অ্যাকাউন্ট সক্রিয়করণ কোডটি লিখুন। 10
এটি আপনার বর্তমান গর্ভাবস্থাকে যুক্ত করবে।

একবার অ্যাকাউন্টটি সক্রিয় হয়ে গেলে আপনি এই বিকল্পটি কেয়ার রেকর্ডের নিচে দেখতে পাবেন।









# আপনার প্রি-বুকিং-এর প্রশ্নাবলী সম্পূর্ণ করুন

আপনার কমিউনিটি মিডওয়াইফ আপনার বুকিং অ্যাপয়েন্টমেন্টের জন্য আপনার সাথে দেখা করার আগে আপনাকে এটি সম্পূর্ণ করতে বলবেন।

আপনার বুকিং অ্যাপয়েন্টমেন্টের দিন পর্যন্ত এটি পুনর্বিবেচনা এবং আপডেট করা যেতে পারে।








# পরিচর্যা পরিকল্পনা

পরিচর্যা পরিকল্পনা বিভাগটি হলো আপনার গর্ভাবস্থার প্রতি সপ্তাহ ভিত্তিক সময়কাল। 13

- আপনার শিশুর বিকাশ/বৃদ্ধি সম্পর্কে জানুন
- **রিডিং** লেবেলে ট্যাপ করে আপনার মিডওয়াইফের সুপারিশকৃত পাঠ দেখুন
- প্রতি সপ্তাহে 14 কী ঘটতে পারে, সে সম্পর্কে জানুন
- আপনার বুক করা অ্যাপয়েন্টমেন্টগুলি দেখুন
- একটি ব্যক্তিগত ডায়েরি লিখুন এবং একটি ছবি যোগ করুন









# প্রসূতি রেকর্ড

প্রসূতি রেকর্ড বিভাগে আপনার গর্ভাবস্থায় যারা আপনার দেখাশোনা করেন, তাদের দ্বারা লিপিবদ্ধ করা তথ্য রয়েছে। 15


প্রসবপূর্ব পরিচর্যার সারসংক্ষেপ রিপোর্টটি আপনার গর্ভাবস্থার কিছু মূল ঘটনার কালানুক্রমিক নথিতে পরিণত হবে।


- আপনার মেডিকেল রেকর্ড থেকে তথ্য দেখুন
- আপনার কেয়ার টিমে কারা আছেন, তা দেখুন 16



## কথোপকথন









আপনার মিডওয়াইফের কাছে আপনার প্রসবপূর্ব পরিচর্যা, জন্মদান পরিকল্পনা এবং প্রসবোত্তর পরিচর্যা সম্পর্কে আপনার চিন্তাভাবনা এবং প্রশ্নগুলি শেয়ার করুন - তারা আপনার পরবর্তী সাক্ষাতের সময় এটি পর্যালোচনা করবেন।

**কথোপকথন** ট্যাব নির্বাচন করুন **17** এবং নিচের যে কোনও একটি নির্বাচন করুনঃ

- প্রসব-পূর্ব সহায়তা কথোপকথন **18**
- প্রসবোত্তর সহায়তা কথোপকথন
- জন্মদান পরিকল্পনা

## লাইব্রেরি




আমাদের হাসপাতালের গর্ভাবস্থার লিফলেট, ভিডিও এবং যাচাইকৃত ওয়েব পেজগুলির লিঙ্কগুলি দেখতে **19** নিচের ডানদিকের কোণে **লাইব্রেরি** ট্যাবটি নির্বাচন করুন।

আমাদের কাছে বিভিন্ন ভাষায় কিছু লিফলেট রয়েছে। যত বেশি বহু ভাষায় লিফলেট পাওয়া যাবে, আমরা সেগুলি যুক্ত করব।

**জাতীয় লিফলেটের** জন্য, স্ক্রিনের শীর্ষে আপনার পছন্দের ভাষা নির্বাচন করে দেখুন, সেই ভাষায় কোন লিফলেটগুলি রয়েছে। **20**

## আপনার যদি ব্যাজারনোট অ্যাপের বিষয়ে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে

সমস্যা সমাধান এবং পরামর্শের জন্য ভিজিট করুনঃ [www.badgernotes.net/help](http://www.badgernotes.net/help)
যদি এর মাধ্যমে আপনার সমস্যার সমাধান না হয়, তাহলে আপনার মিডওয়াইফের সঙ্গে যোগাযোগ করুন।

## আপনার যদি এই গাইডটি অন্য ফরম্যাটে প্রয়োজন হয়

আপনার যদি অন্য কোনও ফরম্যাটে এই গাইডটির প্রয়োজন হয়, যেমন একটি ভিন্ন ভাষায়, বড় হরফে মুদ্রণে, ব্রেইল বা অডিও সংস্করণ, তাহলে অনুগ্রহ করে কোনও স্টাফ সদস্যকে জিজ্ঞাসা করুন, বা ইমেইল করুনঃ ghn-tr.badgernotesglos @nhs.net